

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
হিসাব ও অর্থ বিভাগ
১৬, আবদুল গণি রোড, ঢাকা।
Web: www.dgfood.gov.bd

তারিখঃ ১০/২/২০২০ খ্রিঃ

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.৬২২.১৮.

বিষয় : প্রাতিষ্ঠানিক খাতে অর্থ বরাদ্দের চাহিদাপত্র প্রেরণ।

সূত্র : তাঁর কার্যালয়ের স্মারক নং-১২৭ তারিখঃ ৩১/০১/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ স্মারকে অধিকাল ভাতা খাতে অর্থ বরাদ্দের জন্য অনুরোধ জানানো হয়েছে। কিন্তু স্বাভাবিক বা নিয়মিত সময়ের বাহিরে অতিরিক্ত সময় কাজ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণের কোন কপি সংযুক্ত করা হয়নি। ফলে বরাদ্দ প্রদানে বিবেচনা করা সম্ভব হচ্ছে না।

কাজেই, অধিকাল ভাতা খাতে চাহিদানুযায়ী অর্থ বরাদ্দের লক্ষ্যে সূত্রস্থ স্মারকে প্রেরিত তালিকার মধ্যে যে সকল কর্মচারী সাইলোতে কর্মরত আছেন তাদের তালিকা এবং যে সকল কর্মচারী অন্যত্র অর্থাৎ সাইলোর বাহিরে কর্মরত আছেন (যদি থাকে) তাদের তালিকা পৃথকভাবে (কর্মরত অফিসের নামসহ) প্রেরণসহ স্বাভাবিক বা নিয়মিত সময়ের বাহিরে অতিরিক্ত সময় কাজ করার জন্য সাইলোতে কর্মরত কর্মচারীদের ক্ষেত্রে সাইলো অধীক্ষক এবং সাইলোর বাহিরে অন্যত্র কর্মরতদের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তার পূর্বানুমোদন গ্রহণের কপিসহ পুনঃ চাহিদাপত্র প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

স্বাঃ

(মোঃ সাহিদার রহমান)

সহকারী উপপরিচালক

ই-মেইল-adbudget@dgfood.gov.bd

সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.৬২২.১৮. ৯/২/২০

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। পরিচালক, প্রশাসন/চসসা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২। সাইলো অধীক্ষক চট্টগ্রাম/নারায়ণগঞ্জ/সান্তাহার, বগুড়া/ষ্টীল সাইলো, খুলনা। অধিকাল ভাতা খাতে চাহিদা প্রদানের ক্ষেত্রে উপরে বর্ণিত নিয়ম অনুসরণ পূর্বক প্রয়োজনীয় তথ্যাদিসহ চাহিদাপত্র প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

সহকারী উপপরিচালক
হিসাব ও অর্থ বিভাগ